



বাংলাদেশ কম্পিউটার সমিতি

BANGLADESH COMPUTER SAMITY

The ICT Industry Association of Bangladesh

12th Floor, Sonartori Tower, Plot # 12, Bipoonon C/A, Sonargaon Road, Dhaka – 1000, Bangladesh
Tel: +880 2 9670955/56, Fax: +880 2 9670955/56 Ext. 108, Email: samity@agni.com, URL: www.bcs-bd.org

তারিখ: ২৫ মে ২০০৮



আমাদের প্রিয় সহকর্মী জনাব মো: আশরাফুজ্জামান (রাফেল)-এর অকাল প্রয়াণে আমরা গভীর শোকাহত

সম্মানিত সদস্যবৃন্দ,

আমরা গভীর বেদনার্ত হয়ে আপনাদেরকে জানাচ্ছি যে, আমাদের প্রিয় সহকর্মী জনাব মো: আশরাফুজ্জামান (রাফেল) গতকাল (২৪ মে ২০০৮) রাত আনুমানিক ১১টায় মালয়েশিয়ার পেনাং জেনারেল হাসপাতালে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহী রাজিউন)। তাঁর অকাল প্রয়াণে বাংলাদেশ কম্পিউটার সমিতি'র কার্যনির্বাহী কমিটি এবং সদস্যদের পক্ষ হতে আমরা গভীর শোক প্রকাশ করছি। পরম করুণাময় আল্লাহ্ তায়ালা তাঁর বিদেহী আত্মার বেহেশত নসীব করুন এবং মরহুমের পরিবারবর্গকে তিনি যেন এই শোক ও বেদনা বহনের ক্ষমতা প্রদান করেন - এই কামনা করছি। আমরা প্রয়াণের পরিবার-পরিজনের প্রতি একান্ত সহমর্মীতা ও হৃদয় সমবেদনা প্রকাশ করছি।

উল্লেখ্য, মরহুম মো: আশরাফুজ্জামান (রাফেল) মৃত্যুকালে বাংলাদেশ কম্পিউটার সমিতি'র অন্যতম সদস্য কোম্পানী ইন্ট্রাসফটের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) এবং বিসিএস কম্পিউটার সিটি কার্যনির্বাহী কমিটি'র মহাসচিব ছিলেন। তাঁর বয়স হয়েছিল মাত্র ৪০ বছর। তিনি বিবাহিত এবং এক কন্যা (বয়স ৫ বছর) সন্তানের জনক।

এখানে সকলের অবগতির জন্য জানানো প্রয়োজন যে, মরহুম মো: আশরাফুজ্জামান (রাফেল) সিঙ্গাপুর মাউন্ট এলিজাবেথ হাসপাতালে হার্টের বাইপাস সার্জারী শেষে সিঙ্গাপুর এয়ারলাইন্সে দেশে প্রত্যাবর্তন করছিলেন। আমরা যারা মালয়েশিয়ায় সম্প্রতি অনুষ্ঠিত বিশ্ব আইটি কংগ্রেসে যোগদান শেষে দেশে ফিরছিলাম তাঁদের সাথে তাঁর গতকালই সিঙ্গাপুরে দেখা ও কুশল বিনিময় হয়। তাঁকে আমরা সুস্থ ও হাস্যোজ্জ্বল দেখতে পাই। আমরা মালয়েশিয়ান এয়ারলাইন্সে রাতে দেশে ফিরে আসি অন্যদিকে তিনি সিঙ্গাপুর এয়ারলাইন্সে অবস্থানকালে আকাশ পথে অস্বস্তি বোধ করলে উক্ত বিমান মালয়েশিয়ার পেনাং বিমান বন্দরে জরুরী অবতরণ করে। এয়ারলাইন্স কর্তৃপক্ষ তাঁকে তৎক্ষণাত পেনাং জেনারেল হাসপাতালে ভর্তি করায়। এর কিছুক্ষণ পরেই তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

সর্বশেষ আমরা মরহুম মো: আশরাফুজ্জামান (রাফেল)-এর ব্যবসায়িক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে জানতে পেরেছি আজ (২৫ মে) রাত ১০টায় সিঙ্গাপুর এয়ারলাইন্স যোগে তাঁর মরদেহ জিয়া আন্তর্জাতিক বিমান বন্দরে অবতরণ করবে। সেখান থেকে তাঁকে তাঁর প্রিয় কর্মস্থল বিসিএস কম্পিউটার সিটিতে নিয়ে আসা হবে। পরবর্তী অনুষ্ঠানাদি সম্পর্কিত অন্যান্য বিস্তারিত তথ্য আমরা যখনই জানতে পারবো তখনই তা সবাইকে জানিয়ে দেয়ার ব্যবস্থা করা হবে।

আপনাদের একান্ত,

মোস্তাফা জব্বার

সভাপতি

বাংলাদেশ কম্পিউটার সমিতি



Member: World Information Technology and Services Alliance (WITSA)



Member: Asian-Oceanian Computing Industry Organization (ASOCIO)